উপজেলা আইন -শৃংখলা কমিটির নভেম্বর/২০১৭ মাসের সভার কার্য-বিবরণীঃ

তারিখ ঃ ১৩/১১/২০১৭ খ্রিঃ
সময় ঃ সকাল ১১:০০ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভাপতি ঃ মোঃ জাহাঙ্গীর আলম,
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা "পরিশিষ্ট-ক" তে সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সাঁথিয়া উপজেলা আইনশৃংখলা কমিটির সম্মানিত উপদেষ্টা,চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যান ও উপজেলা আইন-শৃংখলা কমিটির সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সাঁথিয়া উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্থিতিশীল ও স্বাভাবিক থাকায় সকলকে ধন্যবাদ জানান। তিনি গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিত থানার অফিসার-ইন-চার্জসহ সংশ্লিষ্টগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

**ঃ অপরাধ চিত্রের তুলনা মুলক বিবরণীঃ**

**নভেম্বর/ ২০১৭ মাস**

| নারী,শিশু নির্যাতন ও অন্যান্য | নারী ,শিশু নিযাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দশ্যুতা | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| - | ০২ | - | | ১৩ | - | ০১ | - | ১৯ | ৩৫ |

**অক্টোবর /২০১৭ মাস**

| নারী,শিশু নিযাতন ও অন্যান্য | নারী ,শিশু নিযাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দশ্যুতা | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | - | - | | ১৮ | - | - | ০২ | ১০ | ৩১ |

০১. বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ঃ
অক্টোবর/২০১৭ মাসের সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। :

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১। | **মোবাইল কোর্ট** : গত ০২/১১/২০১৭ খ্রিঃ তারিখে পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৫(৬)(১) ধারায় ০১ জনের নিকট থেকে ২০০০.০০ টাকা জড়িমানার অর্থ আদায় করা হয়। এ ছাড়াও ০৮/১১/২০১৭ খ্রিঃ তারিখ বন আইন ১৯২৭ এর ২৬(১ক) ধারায় ৫০০০.০০ টাকা জরিমানার অর্থ আদায় করা হয়। । সহকারি কমিশনার(ভূমি), সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, নভেম্বর ২০১৭ মাসে কোন মোবাইল কোর্ট পরিচালনা করা হয়নি। | জনস্বার্থে সরকারি বিধি মোতাবেক খাদ্য, ফল, দুধ ও আনুষঙ্গিক বিষয়ে বেশী বেশী মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সাঁথিয়া,ওসি সাঁথিয়া/ আতাইকুলা থানা এবং সংশ্লিষ্ট সকল। |
| ০২। | **বাল্য বিবাহ নিরোধ :** চেয়ারম্যান, ক্ষেতুপাড়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বাল্য বিবাহের কারণে বিবাহ বিচ্ছেদ বেশী ঘটে। কোর্ট মেরেজ আইনিভাবে শুদ্ধ নয়। বাল্য বিবাহ সংঘটিত হলেই মোবাইল কোর্ট পরিচালনার মাধমে জেল-জড়িমানার কারণে বাল্য বিবাহ অনেকাংশে কমে গেছে। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা সভায় জানান যে, চেয়ারম্যানগণকে স্থানীয়ভাবে স্ব -স্ব ক্ষেত্রে মাইকিং করে বাল্য বিবাহ প্রতিরোধের নিমিত্ত গণসচেতনা বাড়াতে হবে। | ০২ ইউপি চেয়ারম্যানগণ বাল্য বিবাহ প্রতিরোধে সাধারণ মানুষের গণসচেতনা বাড়ানোর জন্য স্ব-স্ব অধিক্ষেত্রে মাইকিং করে গণসচেতনা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহিত হয় । | চেয়ারম্যানগণ/ অফিসার-ইন-চার্জ,সাঁথিয়া/ আতাইকুলা থানা, , ইউপিচেয়ারম্যান (সকল)সহ সংশ্লিষ্ট সকল |
| ০৩ | **জঙ্গী ও সন্ত্রাস দমন:** চেয়ারম্যান, ইউপি ভূলবাড়ীয়া সভায় জানান যে, শতভাগ ভাড়াটিয়াদের পূর্ণাঙ্গ ঠিকানা ও ফরমপূরণ করে জমা দেয়ার জন্য ইউনিয়নে মাইকিং করে ঘরমালিকদের গণচেতনা বৃদ্ধি করা হচ্ছে। ভাড়াটিয়াদের কাছ থেকে ফরমপূরণকৃত ফরম সংগ্রহ করে এক কপি | চেয়ারম্যানগণ, বাড়ীভাড়ার ফরম সংশ্লিষ্ট ইউপি সাধারণ আসনের সদস্য/সংরক্ষিত আসনের সদস্যদের দ্বারা পূরণপূর্বক ভাড়াটিয়ার বিস্তারিত তথ্য/উপাত্ত সংরক্ষণ করবেন এবং আইন-শৃঙ্খলা | মেয়র/চেয়ারম্যান সকল, থানার ও,সি এবং সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | করে থানায় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করতে হবে। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা সভায় জানান যে, আইন-শৃঙ্খলা বাহিনী ক্ষেতুপাড়া, ভুলবাড়ীয়া, নন্দনপুরসহ সাঁথিয়ার বেশকিছু এলাকায় অভিযান বাড়াবে। | কাজে নিয়োজিতদের দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৪(১)। | **চুরি ডাকাতি :**<br>চেয়ারম্যান, ক্ষেতুপাড়া ইউপি সভায় জানান যে, সাঁথিয়া উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। কিন্তু মাঝে মধ্যেই ট্রাক/গাড়ী ঠেকিয়ে গরু চুরি হচ্ছে। ক্ষেতুপাড়ার সামান্যপাড়ায় , সুজানগরের ভবানী পাড়ায় উক্ত গরু চুরির ব্যাপকতা পরিলক্ষিত হচ্ছে। এহেন গরু চুরি প্রতিরোধের জন্য ওসি সাঁথিয়াকে আহ্বান করেন। চেয়ারম্যান, ভুলবাড়ীয়া ইউপি সভায় জানান যে রঘুনাথপুরে গরু চুরি হচ্ছে। উক্ত গরু চুরি ঠেকাতে ঠেকাতে আইন-শৃঙ্খলা বাহিনীকে আহ্বান করেন। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা সভায় জানান যে, চেয়ারম্যানগণ সিডিউল করে তালিকা মাফিক গ্রাম পুলিশ নিয়োগ করে যোগাযোগ নম্বরসহ পূর্ণাঙ্গ তালিকা প্রদানের আহ্বান জানান এবং আগামীতে আইন-শৃঙ্খলা বাহিনীর তৎপরতা আরো বেগমান করার আশ্বাস দেন। | ০১.মেয়র/চেয়ারম্যানগণ চৌকিদার/দফাদার/গ্রাম পুলিশদের স্থানভিত্তিক পাহাড়ায় নিয়োজিতদের তালিকা /সিডিউল মোবাইল নম্বরসহ তালিকা দাখিল এবং চোর-ডাকাতদের তালিকা দাখিল করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০২. সাঁথিয়া উপজেলায় রাস্তার মোড়ে মোড়ে চেকিং/ নিরাপত্তা চৌকি গড়ে তুলুন, রাতে চলাচলকারী গরু/ সন্দেহজনক মাল বোঝাই ট্রাক, ট্রলি থামিয়ে পরিচয় পত্র, ড্রাইভার লাইসেন্স নম্বর ও গাড়ীর নম্বর লিখে নেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো। | আইন-শৃঙ্খলা বাহিনী, মেয়র/ চেয়ারম্যানগণের ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫ | **মাদকদ্রব্য সংক্রান্ত :**<br>ওসি, সাঁথিয়া, পাবনা সভায় বলেন যে, ১৩টি মাদক মামলা হয়েছে। চেয়ারম্যান(সকল), ইউপি সভায় অভিমত ব্যক্ত করেন যে, ইউনিয়নে আইন-শৃঙ্খলা ভাল। বক্তব্যে মাদক পরিস্থিতি উঠে এসেছে। জনাব আশরাফুল আলম মজনু , সহকারি অধ্যাপক, সাঁথিয়া ডিগ্রী কলেজ সভায় জানান যে, কলেজের বিল্ডিং এর পিছনে মাদকের আড্ডা বসত। বর্তমানে তা দেখা যায় না। এজন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ জানান। চেয়ারম্যান, ভুলবাড়ীয়া সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় জানান যে, গণেশপুর, গয়েশপুরসহ ভুলবাড়ীয়ায় মাদকের ব্যাপকতা বাড়ছে। এহেন মাদকের অভিশাপ থেকে এলাকাবাসীকে উদ্ধারের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে আহ্বান জানান। | মাদকমুক্ত সমাজ গড়তে সকলকেই দায়িত্বশীল/তৎপর হয়ে কাজ করতে হবে। | চেয়াম্যান(সকল) ইউপি, আইন-শৃঙ্খলা বাহিনী/ অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা/ আতাইকুলা, পাবনাকে উক্ত তালিকা প্রদানে দায়িত্ব প্রদান করা হলো। |
| ৬ | **যানজট:**<br>মেয়র, সাঁথিয়া পৌরসভা সভায় জানান যে, সাঁথিয়ায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। সাঁথিয়ায় যানজটমুক্ত করার জন্য হোটেলের রান্নাঘরগুলো অপসারণ জরুরী। ভাইস চেয়ারম্যান, সাঁথিয়া উপজেলা পরিষদ সভায় জানান যে, মাছচাষীরা রাস্তার পাশের পুকুরের কারণে রাস্তা ভেঙ্গে পড়ায় যানজট সৃষ্টির জন্য অনেকাংশে দায়ী। | সাঁথিয়ায় ট্রাফিক পুলিশ নিয়োগে উর্ধ্বতন কর্তৃপক্ষকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং মেয়র সাঁথিয়া পৌরসভা কর্তৃক ০২ জন পৌর ট্রাফিক পুলিশ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সাঁথিয়া পৌরসভা, বনিক সমিতির সভাপতি, মটরযান সমিতির সভাপতি এবং সংশ্লিষ্ট। |
| ৭। | **বিবিধ(১)**<br>**ডিগ্রী পরীক্ষা সংক্রান্ত :**<br>অধ্যক্ষ, সাঁথিয়া ডিগ্রী কলেজ, সাঁথিয়া, পাবনা সভায় বলেন যে, ডিগ্রী/কামিল পরীক্ষা ভালভাবে হচ্ছে। গত পরীক্ষাগুলোর মত আগামী পরীক্ষায় যাতে পরীক্ষার্থী নির্বিঘ্নে চলাচল করতে পারে সে দিকে ওসি, সাঁথিয়া/ আতাইকুলা থানাকে বিশেষ সতর্কতা ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।<br>**(২) ইভটিজিং :**<br>চেয়ারম্যান, বিভিন্ন বক্তা জানান যে, ইভটিজিংবিষয়টি মোবাইল কোর্টের আওতায় আসায় ইভটিজিং বন্ধ হয়েছে। | পরীক্ষা চলাকালীন সময়ে যানজট নিরসনে সাঁথিয়ায় ট্রাফিক পুলিশ নিয়োগে উর্ধ্বতন কর্তৃপক্ষকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং আইন-শৃঙ্খলা বাহিনীর তৎপরতা বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সাঁথিয়া পৌরসভা, ওসি, সাঁথিয়া/ আতাইকুলা, বনিক সমিতির সভাপতি, মটরযান সমিতির সভাপতি এবং সংশ্লিষ্ট। |

| | | | |
|---|---|---|---|
| | **(৩) সরকারী রাস্তা বিনষ্টকারী পুকুর/খাল মালিকদের সতর্ককরণ :** সহকারি কমিশনার(ভূমি), সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, সভাপতি মহোদয়ের নির্দেশে বেড়া হতে মাধপুর পর্যন্ত পাকা সড়কের দুই পাশে খাল/পুকুর দ্বারা রাস্তা বিনষ্টকারীদের সার্ভে দ্বারা সার্ভে করে সীমানা চিহ্নিত করা হয়েছে। আগামী শুষ্ক মৌসুমে বাধ্যতামূলক সংশ্লিষ্টদের উক্ত রাস্তাগুলো মেরামত করার আইনি পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) **ইছামতি নদীর ক্যানালের ডাইকে ঘাট মেরামত** : সভাপতি, প্রেস ক্লাব, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, নদীতে বাধ দিয়ে বা প্রতিবন্ধকতা তৈরি করে পানি বেরোতে দিচ্ছে না। ফলে কৃষকের চাষযোগ্য জমিতে চাষ করতে পারছে না। এছাড়া ক্যানালের ডাইকের ঘাটগুলো জরাজীর্ণ। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , সভায় জানান যে, ক্যানালের ডাইকের ঘাটগুলো বিনির্মাণে টেন্ডার দেয়া হয়েছে।নদীর পচা পানি বা আবর্জনা দ্রুত টেনে/ সেচ দিয়ে ডাইকের ঘাট দ্রুত নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়। | রাস্তা বিনষ্টকারী পুকুর/খাল মালিকদেরকে পাইলিং করে রাস্তা ঠিক করতে বাধ্য করার জন্য চেয়ারম্যান(সকল)কে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, ও সংশ্লিষ্ট(সকল) |

৮.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১১/১৭

(মোঃ জাহাঙ্গীর আলম)
সভাপতি
উপজেলা আইন শৃংখলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

১৩/১১/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
সাঁথিয়া, পাবনা।
www.santhia.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬৭২.০০০.০৭.০০৫.১৭- ১৩৩৪(৪০) তারিখ : ১৩-১১-২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। জনাব এ্যাড. শামসুল হক টুকু, মাননীয় সংসদ সদস্য -৬৮, পাবনা -১।
২। জেলা প্রশাসক, পাবনা।
৩। পুলিশ সুপার, পাবনা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া ,পাবনা ।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
৬। মেয়র, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।
৭। উপজেলা ................................................ অফিসার, সাঁথিয়া, পাবনা।
৮। চেয়ারম্যান, ---------------------- ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া,পাবনা।
৯। জনাব / বেগম-------------------------------------------

১৩/১১/১৭

উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

১৩/১১/১৭